

কে করে কি করে পড়ে কেবা কার গায়।
 কি সুখ বাড়িল শুকচাঁদের আলয়।।
 মদন বিশ্বাস এক পদ ধরি এল।
 'নিল প্রাণ নিল রে গৌরাঙ্গরূপে নিল।।
 গৌরাঙ্গ দাঁড়িয়ে অই সুরধুনী কূলে।
 চল গো সজনী চল যাই গো সকলে।।
 জল আনা ছল্ করি চল নদেবাসী।
 জল আনা ছলেতে গৌরাঙ্গ দেখে আসি।।'
 এতক বলিয়া কক্ষে লইল কলসী।
 'চল গিয়া গৌরাঙ্গ চরণে হই দাসী।।'
 সবে মিলে হ'ল যেন উন্মত্ত পাগল।
 নর-নারী বাল্য-বৃদ্ধ বলে হরিবোল।
 কেহ কেহ উঠে গিয়া বসিল গৃহেতে।
 কেহ নৃত্য করে অন্তঃপুর প্রাঙ্গণেতে।।
 প্রেমাবেশে বাল্য-বৃদ্ধ-যুবা নরনারী।
 সবে মিলে অস্মান অন্তরে ধরাধরি।।
 স্ত্রী-পুরুষ ধাবমান হ'ল একত্রেতে।
 এক এক জল পাত্র লইল কক্ষেতে।
 কেহ ধায় এলোকেশে কেহ ঘোমটা টানে।
 পুরুষে ঘোমটা দেয় কোঁচার বসনে।।
 পুরের মধ্যেতে কেহ হাতে নারে স্থির।
 বাহির বাটীতে সব হইল বাহির।।
 মতুয়ারা রামাগণে ধরিয়া ধরিয়া।
 বাড়ীর উপরে সবে রাখে ঠেকাইয়া।।
 কতক মতুয়াগণ বাড়ী দিকে ধায়।
 নিবারণ শীতলের বাটীতে উদয়।।
 কেহ কয় 'গঙ্গাতীরে উদয় অরণ্য'
 কেহ কয় 'অরণ্যের চরণে বরণ্য।।'
 কেহ কয় 'তবে জল নিতে হ'ল ভাল।'
 গৌরাঙ্গ অরণ্য পদে বরণ্য পড়িল।।
 তরণ্য অরণ্য সঙ্গে চন্দ্র যোগাযোগ।'
 কেহ বলে 'এই সেই পুষ্পবন্ত যোগ।।'

কেহ বলে 'তার মধ্যে গঙ্গা সুরধুনী'
 কেহ বলে 'এই যোগ যোগ চূড়ামণি।।'
 কেহ বলে 'ভাসিয়া গেলাম অশ্রুজলে'
 কেহ বলে দেখা কি পাইব গঙ্গাকূলে।।
 কেহ বলে 'নাহি পেলে জাহ্নবীর কূলে'
 কেহ বলে 'তবে দাসী হইবি কি ছলে।।'
 কেহ কেহ তুলে নিল-কক্ষেতে কলসী।
 কেহ বলে 'হইব গৌরাঙ্গ পদে দাসী।।'
 কেহ পিভলের কুস্ত করিয়াছে কক্ষে।
 কেহ নাচে মেটে কুস্ত কক্ষ পরে রেখে।।
 কেহ বাহিরের কুস্ত পূর্ণ কিম্বা খালি।
 কেহ তার একটা লইল কক্ষে ভুলি।।
 কেহ বলে 'ক্ষান্ত না করিও সংকীর্ণন।'
 কেহ বলে 'ধর অই গৌরাঙ্গ চরণ।।'
 কেহ নাচিয়া গাইয়া চলেছে কাঁদিয়া।
 কেহ কার গায়ে পড়ে হেলিয়া দুলিয়া।।
 কেহ যায় স্নানে কালীগঙ্গা মরা নদী।
 কেহ সেই ঘাটে গিয়া করে কাঁদাকাঁদি।।
 কেহ কেহ বলিতে সকলে ঘাটে গেল।
 কেহ বলে 'কে গো অই বর্ণ যেন কালো।।'
 কেহ বলে 'গোরা ছবি প্রাতঃরবি প্রায়।'
 কেহ বলে 'কালশশী তা'তে মিশি রয়।।'
 কেহ বলে 'কাল গৌর মাঝেতে দাঁড়ায়।'
 কেহ কেহ 'বলে অই বাঁশী করে লয়।।
 কেহ বলে 'গোরা রূপ জলের ছায়ায়।'
 কনক কমল কাল কমলে উদয়।।
 কাল জলে কাল জ্বলে দেখ গো কেমন।
 নীলাজ হেমাজ মাঝে হ'য়েছে মিলন।।
 জলে জলে জলধর দেখ সখীগণ।
 জলে যাই হরি রাই শ্যামের মিলন।।
 একা আমি নামি তোরা না নামিস্ কেউ।
 দেখ রূপ জলে জ্বলে দিওনা লো চেউ।।